

## নবী (সা.) এর ছলাত সম্পাদনের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত বিষয়ে বিস্তারিত

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ নাছিরুদ্দিন আলবানী (রহ.)

শেষ তাশাহুদ | وجوب التشهد | তাশাহুদ ওয়াজিব হওয়া প্রসঙ্গ

নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চতুর্থ রাকাতাত শেষ করে শেষ তাশাহুদের জন্য বসতেন। আর এ তাশাহুদের মধ্যে তাই করার নির্দেশ দিতেন যা করার নির্দেশ দিতেন প্রথমটিতে। আর তিনি নিজেও এ তাশাহুদের মধ্যে তাই করতেন যা তিনি প্রথমটিতে করতেন। হ্যাঁ, তবে “তিনি এ তাশাহুদে নিতম্বের ভরে বসতেন।”[1]

“তার বাম নিতম্ব[2] মাটিতে বিছাতেন এবং এক পাশ দিয়ে দুই পা বের করে দিতেন।[3] “বাম পা উরু ও গোছার নিচে রাখতেন।[4] “আবার পা খাড়াও রাখতেন।”[5] আর কখনো কখনো “তাকে বিছিয়েও দিতেন”।[6] “বাম হাতের তালু দ্বারা হাঁটুকে আবৃত করে ধরতেন এবং এর উপর নির্ভর করতেন।[7]

এতাশাহুদেও নিজের উপর ছলাত পাঠ করা সুন্নাত সম্মত বলেছেন যেমনটি সুন্নাত সম্মত প্রথম তাশাহুদে। আর ইতিপূর্বে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর ছলাত পাঠের ব্যাপারে সংকলিত শব্দাবলীর উল্লেখ হয়েছে।

### ফুটনোট

[1] বুখারী, দুরাকাআত বিশিষ্ট ছলাত যেমন ফজর, তাতে সুন্নাত হলো পা বিছানো যেমনটি অতিবাহিত হয়েছে (পৃঃ ১৪৯-১৫০), এ ব্যাখ্যাই বলেছেন ইমাম আহমাদ। যেমনটি মাসায়েল ইবনু হানীতে তার থেকে বর্ণিত হয়েছে। (পৃঃ ৭৯)

[2] নিতম্ব বলতে উরুর উপরাংশ উদ্দেশ্য।

[3] আবু দাউদ ও বায়হাকী, ছহীহ সনদে।

[4] মুসলিম ও আবু আওয়ানাহ।

[5] বুখারী, দুরাকাআত বিশিষ্ট ছলাত যেমন ফজর, তাতে সুন্নাত হলো বিছানো যেমনটি অতিবাহিত হয়েছে (পৃঃ ১৫৬), এ ব্যাখ্যাই বলেছেন ইমাম আহমাদ। যেমনটি মাসায়েল ইবনু হানীতে তার থেকে বর্ণিত হয়েছে। (পৃঃ ৭৯)

[6] মুসলিম ও আবু আওয়ানাহ।

[7] মুসলিম ও আবু আওয়ানাহ।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=8185>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন